গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

এসআরও নং ২৭০-আইন/আয়কর/২০১০, তাং ০১-০৭-২০১১ দ্বারা এসআরওটি বিলুপ্ত।

প্রজ্ঞাপন

তারিখ, ০২ মাঘ ১৪১৫ বঙ্গাব্দ/১৫ জানুয়ারি ২০০৯ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ০৮-আইন/২০০৯ ।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নে তফসিল-ক তে বর্ণিত কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে, নিম্নে তফসিল-খ তে বর্ণিত শর্তাবলী সাপেক্ষে, কোন কর্পোরেট প্রতিষ্ঠানকে তৎকর্তৃক বিনিয়োজিত প্রকৃত অর্থের বা খরচের ১০% হারে আয়কর রেয়াত প্রদান করিল, যথা:-

তফসিল-ক
(কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রসমূহ)

(১) বিশুদ্ধ পানি ব্যবস্থাপনা,
(২) বনায়ন,
(৩) নগরীর শোভা/সৌন্দর্য বর্ধন,
(৪) বর্জ্য ব্যবস্থাপনা,
(৫) বৃদ্ধ নিবাস (Old Home) প্রতিষ্ঠা ও পরিচালনা,
(৬) HIV-AIDS-এর বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্মরত সংস্থাসমূহে প্রদত্ত চাঁদা,
(৭) মানসিক বা শারীরিক প্রতিবন্ধীদের কল্যাণে নিয়োজিত সামাজিক সংস্থাকে প্রদত্ত চাঁদা,
(৮) নারী অধিকার ও যৌতুক বিরোধী প্রচারণায় নিয়োজিত সামাজিক প্রতিষ্ঠানে প্রদত্ত চাঁদা,
(৯) পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত অনুদান,
(১০) ঠোঁট কাটা, ছানি পড়া, ক্যান্সার, কুষ্ঠ রোগ নিরাময়ে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান,
(১১) এসিড আক্রান্তদের চিকিৎসা সেবায় নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান,
(১২) সরকার কর্তৃক অনুমোদিত ছিন্নমূল শিশুদের শিক্ষার উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানকে প্রদত্ত অনুদান,
(১৩) প্রাকৃতিক দুর্যোগ যেমন-ঘূর্ণিঝড়, ভূমিকম্প, জলোচ্ছ্বাস, হারিকেন এর ফলে ক্ষতিগ্রস্ত এলাকার জনদুর্ভোগ লাঘবের উদ্দেশ্যে সরকারি কোন প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদত্ত অনুদান,

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

Scanned with CamScanner

(১৪) দরিদ্র মেধাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের কারিগরি ও বৃত্তিমূলক (Technical & Vocational) শিক্ষা প্রসারের উদ্দেশ্যে সরকার কর্তৃক স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যয়িত অর্থ, এবং

(১৫) সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠানের মাধ্যমে মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য উচ্চ শিক্ষা সহায়তায় প্রদত্ত বিশেষ অর্থ সাহায্য।

তফসিল-খ

(আয়কর রেয়াতের শর্তাবলী)

(১) যে সকল কর্পোরেট প্রতিষ্ঠান সামাজিক দায়িত্ব পালনের মাধ্যমে কর রেয়াত গ্রহণ করিতে আগ্রহী বা উৎসাহী হইবে সেই সকল প্রতিষ্ঠান–

(ক) এ কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মানসম্মত বেতন কাঠামো এবং প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি ফান্ড, ওয়ার্কার্স পার্টিসিপেশন ফান্ড, ওয়েলফেয়ার ফান্ড এর বিধান বিদ্যমান থাকিতে হইবে;

(খ) এর কোন কর্মকর্তা বা কর্মচারী দুর্ঘটনায় পতিত হইলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক দ্রুত চিকিৎসা ও ক্ষতিপূরণের ব্যবস্থা থাকিতে হইবে;

(গ) এ কোন শিশু শ্রমিককে নিয়োগ দেওয়া বা কোনভাবে কোন কাজে নিয়োজিত করা যাইবে না;

(ঘ) এর কল-কারখানায় বিশেষতঃ শিল্পজাত পণ্য উৎপাদন করা হইলে বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট (Waste Treatment Plant) এর ব্যবস্থা থাকিতে হইবে; এবং

(ঙ) কর্তৃক নিয়মিতভাবে আয়কর, ভ্যাট ও শুল্ক পরিশোধ করিতে হইবে।

(২) কোন কর্পোরেট প্রতিষ্ঠান কর্তৃক সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে ব্যয়িত অর্থ বা খরচকে উহার উৎপাদন হিসাব, বাণিজ্যিক হিসাব অথবা লাভ-ক্ষতি হিসাবে অনুমোদনযোগ্য খরচ মর্মে বিবেচনা করা যাইবে না।

(৩) কর্পোরেট প্রতিষ্ঠান সম্পর্কিত দায়িত্ব পালনের ক্ষেত্রে দাবীকৃত অর্থ প্রকৃতপক্ষে খরচ হইয়াছে কিনা তৎসম্পর্কে সংশ্লিষ্ট উপ-কর কমিশনার এর নিকট প্রয়োজনীয় প্রমাণাদি দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোঃ এমদাদুল হক
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

সংশোধনী এস,আর,ও-টি ২৮১ নং পৃষ্ঠায় দেখুন।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner